

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইপ-১ অধিশাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১২০০.০১৭.২৭.০০১.১৬. ৩৫

তারিখ : ০২ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ।
১৫ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ।

অফিস আদেশ

যেহেতু ব্রাহ্মণবাড়িয়া জেলার নাসিরনগর উপজেলায় বিগত ৩০ অক্টোবর, ২০১৬ তারিখে হিন্দু সম্প্রদায়ের উপর হামলা এবং বাড়িঘর ভাঙচুরের ঘটনায় একাধিক মামলা হয় এবং উক্ত ঘটনাটি একটি চাঞ্চল্যকর ঘটনা;

যেহেতু উক্ত ঘটনায় সম্পৃক্ততার অভিযোগে হরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জনাব দেওয়ান আতিকুর রহমান আঁথি নাসিরনগর থানার মামলা নং-২২, ধারা-দলবিধি ১৪৩/৪৪৭/৪৪৮/২৯৫/২৯৫(ক)/৩৮০/৪২৭-এ গত ০৫ জানুয়ারি, ২০১৭ তারিখে গ্রেফতার হয়ে জেল হাজতে অন্তরীন আছেন;

যেহেতু, তাঁর এরূপ কর্মকান্ড স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(৪)(ঘ) অনুযায়ী ক্ষমতার অপব্যবহারের আওতাভুক্ত অপরাধ করায় তাঁর দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থী মর্মে সরকার মনে করে;

সেহেতু, নাসিরনগর উপজেলার হরিপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান দেওয়ান আতিকুর রহমান আঁথিকে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ এর ধারা ৩৪(১) মোতাবেক সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে এবং পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত বলবৎ থাকবে।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব

৯৫৮৬৬০৫

Email : lgup1@lgd.gov.bd

স্মারক নং-৪৬.০০.১২০০.০১৭.২৭.০০১.১৬. ৩৭

তারিখ : ০২ মাঘ, ১৪২৩ বঙ্গাব্দ।
১৫ জানুয়ারি, ২০১৭ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
- ০২। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।
- ০৪। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (স্থানীয় সরকার বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৫। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। জনাব দেওয়ান আতিকুর রহমান আঁথি, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), হরিপুর ইউনিয়ন পরিষদ, নাসিরনগর, ব্রাহ্মণবাড়িয়া।

(মোঃ মাহাবুবুর রহমান)

উপসচিব